মুজিবনগরে সাবেক সংসদ সদস্য আবদুল মান্নানের গনসংযোগ

স্মার্ট বাংলাদেশ গড়ার স্বপ্ননিয়ে প্রধানমন্ত্রীর বার্তা পৌঁছে দিতে মুজিবনগরের উপজেলার বিভিন্ন স্থানে সাবেক সংসদ সদস্য প্রফেসর আবদুল মান্নান গণসংযোগ করেন।

আজ শুক্রবার (১৩ অক্টোবর) মুজিবনগর উপজেলার মোনাখালি, দারিয়াপুর, পুরনতোপুর,নাজিরাকুনি, ভবেরপাড়া, সোনাপুর, মাঝের পাড়া, কেদারগন্জ ও বল্লভপুর গণসংযোগ করেন তিনি।

এই সময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য রফিকুল ইসলাম, দিলীপ, জাহাঙ্গীর আলী, ওয়ার্ড আওয়ামীলীগের নেতা আলী আরশাদ, লাবলুমিয়া সহ উপজেলার স্থানিয় আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন খালেদুজ্জামান খাঁন ডালিম, মির্জা গালিব, মিরাজুল ইসলাম, সাইদুর রহমান, হুমায়ূন কবির বাবু, মুসাদ আলি সহ অনেক নেতাকর্মী।